# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২১৯

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقَاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفصْلُ الثَّالِثُ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ يَبْلُغُ بِهِ قَالَ: إِذَا مَاتَ الْمَيِّتُ قَالَتِ الْمَلَائِكَةُ: مَا قَدَّمَ؟ وَقَالَ بَنُو آدَمَ: مَا خَلَّفَ؟ «. رَوَاهُ الْبَيْهَقِيّ فِي» شعب الْإِيمَان

اسناده ضعیف ، رواه البیھقی فی شعب الایمان (10475 ، نسخۃ محققۃ : 9992) * الاعمش مدلس و عنعن و کذا عبد الرحمن بن محمد المحاربی من المدلسین و فیہ علۃ أخری ۔
(ضَعِيف)

বাংলা

৫২১৯-[৬৫] আবু হুরায়রাহ (রাঃ) হাদীসটি নবী (সা.) পর্যন্ত পৌছিয়ে বলেছেন: যখন কোন ব্যক্তি মৃত্যুবরণ করে তখন মালায়িকাহ্ (ফেরেশতাগণ) বলেন, (এ ব্যক্তি) পরকালের জন্য অগ্রিম কী পাঠিয়েছে? আর আদম সন্তান (ওয়ারিসগণ) বলে, সে কী রেখে গেছে? (বায়হাক্বী’র শুআবুল ঈমান)

ফুটনোট

সানাদ যঈফ : মানাবী (রহ.) “আল ফায়য” নামক গ্রন্থে উল্লেখ করেছেন। শুআবুল ঈমান ১০৪৭৫, হিদায়াতুর রুওয়াত ৫১৪৭, ৫/২৫ পৃ.।

ব্যাখ্যা

ব্যাখ্যা : হাদীসের বাণী (إِذَا مَاتَ الْمَيِّتُ)বাক্যটি (مَجَازِ) (রূপকার্থে) বলা হয়েছে। প্রকৃতপক্ষে জীবিত ব্যক্তি

মৃত্যুবরণ করে থাকে। কিন্তু যা অনিবার্যভাবেই হতে যাচ্ছে তা তার আগেই সেই নামে প্রকাশ করা কুরআন হাদীসে অনেক ব্যবহার বিদ্যমান রয়েছে। আল্লাহ তা'আলা বলেন(اِنَّکَ مَیِّتٌ وَّ اِنَّهُمۡ مَّیِّتُوۡنَ) "আপনি মাইয়্যিত তারাও মাইয়্যিত।" (সূরা আয যুমার ৩৯ : ৩০)।

মালাক (ফেরেশতা) বলে সে কী আগে পাঠিয়েছে? অর্থাৎ সে কী কী নেক আমল করে পরকালের জন্য পাঠিয়েছে? পক্ষান্তরে মানুষ মৃত ব্যক্তির বাড়ী এসে বলে সে সহায় সম্পদ কী রেখে গেছে?

‘আল্লামাহ্ ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেন, মালায়িকার জিজ্ঞেস হলো ‘আমল সম্পর্কে, যাতে তার জন্য সাওয়াব ও তার প্রতিদান দেয়া যায় অথবা গুনাহের কারণে তার জন্য শাস্তি নির্ধারিত হয়। পক্ষান্তরে ওয়ারিস বা প্রতিবেশীদের কাছে গুরুত্বপূর্ণ বিষয় হলো তার সম্পদ, যাতে তারা তাতে ভাগ বসাতে পারে এবং নিজ নিজ অংশ সংগ্রহ করতে পারে। (মিক্বাতুল মাফাতীহ; আল কাশিফ লিত্ব ত্বীবী ১০ম খণ্ড, ৩৩০৫ পৃ.)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85199

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন